# কিভাবে অভিযোগের সমাধান করা হয়

## তদন্ত

CCRB তদন্ত পুলিশের অসদাচরণ অভিযোগের বিষয়ে প্রমাণ সংগ্রহের একটি বিস্তৃত উপায় যেনো বোর্ড কি ঘটেছে সে বিষয়ে একটি সিদ্ধান্তে পৌছাতে পারে। অফিসার এবং স্বাক্ষীগণের থেকে বিবৃতি নেওয়া এবং ভিডিও প্রমাণ সংগ্রহ করা সহ CCRB তদন্তকারীরা যতটা সম্ভব প্রমাণ সংগ্রহ করে।

একটি তদন্ত সম্পন্ন হতে কয়েক মাস সময় প্রয়োজন হতে পারে। ঘটনা সম্পর্কে আপনার সম্পূর্ণ বিবৃতি এবং প্রশ্নের উত্তর দেওয়া সহ আপনার সহযোগীতা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তদন্ত সম্পন্ন হওয়ার পরে বোর্ড মেম্বারদের একটি প্যানেল একটি বাস্তবতথ্যমূলক সিদ্ধান্ত গ্রহণ করে। কখনো তদন্তের মাধ্যমে অসদাচরণের প্রমাণ পাওয়া যায় কখনো পাওয়া যায়না।

## ডিসিপ্লিন

যখন একজন অফিসারের অসদাচরণের বিষয়ে বোর্ড জানতে পারে তখন তারা ডিসিপ্লিনের সুপারিশ করে যা পুনরায় ট্রেনিং করা থেকে শুরু করে NYPD থেকে চাকুরীচ্যুতি পর্যন্ত হতে পারে। সবচেয়ে গুরুতর ক্ষেত্রে, CCRB-এর প্রশাসনিক প্রসিকিউশন ইউনিট প্রশাসনিক বিচারকার্যে সংশ্লিষ্ট পুলিশ অফিসারকে হয়তো অভিযুক্ত করতে পারে বিচারকার্য সম্পন্ন হওয়ার পরে একজন বিচারক একটি রায় প্রদান করবেন এবং ডিসিপ্লিনের জন্য সুপারিশ করতে পারবেন।

অফিসারের ডিসিপ্লিনের বিষয়ে পুলিশ কমিশনার চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করবেন।

## মধ্যস্থতা

মধ্যস্ততা সিভিলিয়ান এবং পুলিশ অফিসারদেরকে কি ঘটেছে সে সম্পর্কে একান্তে কথা বলতে একজন প্রশিক্ষিত ও নিরপেক্ষ মধ্যস্ততাকারীর সাথে একটি নিরাপদ, চুপচাপ এবং ব্যক্তিগত জায়গায় দেখা করার সুযোগ প্রদান করে।

# সিভিলিয়ান সহায়তা ইউনিট

CCRB-এর সিভিলিয়ান সহায়তা ইউনিটের সকল নিযুক্ত কর্মী লাইসেন্সকৃত সমাজকর্মী এবং ভিকটিম অ্যাডভোকেট। CAU মানুষদেরকে প্রয়োজনীয় সামাজিক ও মনস্তাত্ত্বিক সহায়তা পরিষেবাগুলির সাথে সংযুক্ত করে, যেমন মানসিক স্বাস্থ্য পরিষেবা, খাদ্য সহায়তা, আইনি সহায়তা, স্বাস্থ্য বীমা বিষয়ে সাহায্য পাওয়া এবং আরও অনেক কিছু।

যদি একজন সিভিলিয়ানের CCRB-তে একটি কার্যরত মামলা থাকে এবং তিনি CAU-এর পরিষেবাগুলিতে আগ্রহী হয়, তাহলে তাকে ইউনিটে রেফার করা হবে।

# মার্কিন যুক্তরাষ্ট্রের একজন নাগরিক নন?

একজন ব্যক্তির নাগরিকত্ব যাই হোক না কেনো CCRB তার অভিযোগ গ্রহণ করবে এবং কখনোই অভিযোগকারী বা সাক্ষীদেরকে তাদের নাগরিকত্বের বিষয়ে জিজ্ঞাসা করবে না।

CCRB সকল ভাষায় অনুবাদ পরিষেবা প্রদান করে।

## NYC-এর সিভিলিয়ান অভিযোগ পর্যালোচনা বোর্ড

1-800-341-2272 (CCRB)
অথবা 311-এ

100 Church Street 10th Fl. New York, NY 10007

nyc.gov/ccrbcomplaint

Facebook:
https://www.facebook.com/CCRB.NYC/

Twitter/Instagram @CCRB_NYC



# প্রত্যক্ষ্য করেছেন বা অভিজ্ঞতা করেছেন পুলিশের অসদাচারণ?

NYC-এর সিভিলিয়ান অভিযোগ পর্যালোচনা বোর্ড (CCRB)-এর কাছে একটি অভিযোগ দায়ের করুন।

## আমরা কারা

CCRB নিউ ইয়র্ক সিটি পুলিশ বিভাগের সদস্যদের দ্বারা সিভিলিয়ানদের সাথে অসদাচরণের অভিযোগের তদন্ত করে, মধ্যস্থতা করে, বিচার করে এবং ডিসিপ্লিনের সুপারিশ করে।

- আমরা স্বতন্ত্র এবংনিরপেক্ষ।
- আমরা NYPD-এর অংশ নই।

## এখতিয়ার

আমরা পুলিশের বিভিন্ন ধরণের অসদাচরণেরর অভিযোগ নিয়ে কাজ করি। উদাহরণস্বরূপ, একজন NYPD-এর সদস্য নিচের কোনো আচরণে জড়িত থাকার অভিযোগ আছে কিনা তা CCRB তদন্ত করতে পারে:

- অতিরিক্ত বা অপ্রয়োজনীয় ফোর্সের প্রয়োগ
- ঘরে অনাধিকার প্রবেশ, অনুসন্ধান বা অনুচিত কারণে থামানো
- যৌন অসদাচারণ?
- অশ্লীলতা
- একজন ব্যক্তির বর্ণ, জাতিসত্তা, ধর্ম, লিঙ্গ, যৌন অভিমুখীতা বা শারীরিক অক্ষমতা নিয়ে অপমান করা।
- CCRB-কে বা অফিসিয়াল রেকর্ডে অসত্য বিবৃতি দেওয়া।
- সিভিলিয়ানদের প্রকৃত বা অনুভূত বর্ণ, জাতিসত্তা, জাতীয় উত্স, গায়ের রঙ, ধর্ম, বয়স, অভিবাসন বা নাগরিকত্বের অবস্থা, লিঙ্গ / লিঙ্গ পরিচয়, যৌন অভিমুখিতা, অক্ষমতা এবং/অথবা আবাসন অবস্থার কারণে অফিসারগণ তাদের বিরুদ্ধে আইনী পদক্ষেপ গ্রহণ করেছেন বা তাদের সহায়তা করতে অস্বীকার করেছেন।

## আরও জানতে:

- nyc.gov/ccrb -এ ভিজিট করুন
- আপনার কমিউনিটিতে CCRB-এর সম্পর্কে একটি প্রেজেন্টেশনের অনুরোধ করতে outreach@ccrb.nyc.gov -এ ইমেল করুন।
- আমাদের মাসিক বোর্ড মিটিং এ অংশগ্রহণ করুন যেখানে আপনি পুলিশ-কমিউনিটি সম্পর্কের বিষয়ে আপনার মতামত জানাতে পারবেন।

## সচরাচর জিজ্ঞাসা করা প্রশ্নসমূহ

CCRB-তে অভিযোগ দায়ের করার পর কি ঘটবে?

আপনাকে একজন তদন্তকারীর কাছে কি ঘটেছে সে ব্যপারে একটি ফর্মাল এবং সম্পূর্ণ বিবৃতি প্রদান করতে বলা হবে। এই সাক্ষাৎকারগুলো আমাদের Manhattan-এর অফিসে পরিচালিত হবে অথবা যদি আমাদের অফিসে উপস্থিত হতে আপনার সমস্যা হয় তাহলে পাঁচটি বরোর যে কোনো জায়গায়।

অফিসারের নাম এবং/অথবা ব্যাজ নম্বর জানা না থাকলেও কি আমার অভিযোগ দায়ের করা উচিৎ হবে?

হ্যাঁ। CCRB-এর তদন্তকারীরা সাধারণত অফিসারদের সনাক্ত করতে সক্ষম তবে তাদের আপনার সহায়তারও প্রয়োজন রয়েছে। একজন পুলিশ অফিসারের সাথে এনকাউন্টারের সময়, অফিসারের শারীরিক বৈশিষ্ট্যসহ যতটা সম্ভব সনাক্তকরণের বিবরণ সংগ্রহ করার চেষ্টা করুন এবং ঘটনার সময়, তারিখ এবং অবস্থান নোট করুন।

আমি কি বেনামীভাবে অভিযোগ দায়ের করতে পারবো?

হ্যাঁ। আপনি বেনামে বা অন্য কারো পক্ষে দায়ের করতে পারেন।

## একটি অভিযোগ দায়ের করুন

অভিযোগ দায়ের করার বিভিন্ন উপায় রয়েছে। আপনার জন্য যেটা সবথেকে সুবিধাজনক সেটা নির্ধারণ করুন। আপনি যেভাবেই অভিযোগ দায়ের করবেন না কেনো, অনুগ্রহ করে আপনার বর্তমান ফোন নম্বর, ইমেইল অ্যাড্রেস অথবা চিঠি পাঠানোর ঠিকানা প্রদান করবেন যাতে সম্পূর্ণ বিবৃতি প্রদানের জন্য একজন তদন্তকারীর সাথে অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করার জন্য আমরা আপনার সাথে যোগাযোগ করতে পারি।

**আমাদের কল করুন**

1-800-341-2272 (CCRB)
অথবা 311-এ

**আমাদের সাথে দেখা করতে**

100 Church Street, 10th Fl.
New York, NY 10007

**অনলাইনে**

nyc.gov/ccrbcomplaint

facebook
https://www.facebook.com/CCRB.NYC/

twitter/instagram
@CCRB_NYC

